# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৪৭. যীশুর পাশে বসার আবেদন করলেন কে?

যীশুর দু’ শিষ্য যাকোব ও যোহন দু’ সহোদর ভাই। কিতাবুল মোকাদ্দসে তাঁদের নাম ইয়াকুব ও ইউহোন্না। তাঁদের পিতার নাম ‘সিবদিয়’। মথি ও মার্ক লেখেছেন যে, তাঁরা দু’জন যীশুর দু’ পাশে বসার জন্য আবেদন করেন। কিন্তু আবেদন কে করলেন? তাঁরা নিজে? না তাদের মাতা? ইঞ্জিলদ্বয় পরস্পর বিরোধী তথ্য দিচ্ছে।

মথি লেখেছেন: “তখন সিবদিয়ের পুত্রদের মা তাঁর দুই পুত্রকে সঙ্গে নিয়ে তাঁর কাছে এসে মাটিতে উপুড় হয়ে তাঁর কাছে কিছু যাচ্ঞা করলেন... হুকুম করুন, যেন আপনার রাজ্যে আমার এই দুই পুত্রের এক জন আপনার ডান পাশে, আর এক জন বাম পাশে বসতে পারে।” (মথি ২০/২০-২১, মো.-১৩)

মার্ক লেখেছেন: “পরে সিবদিয়ের দুই পুত্র, ইয়াকুব ও ইউহোন্না, তাঁর কাছে এসে বললেন, হুজুর, আমাদের বাসনা এই, আপনার কাছে যা যাচ্ঞা করবো, আপনি তা আমাদের জন্য করুন... আপনি যখন মহিমা লাভ করবেন তখন আমরা এক জন আপনার ডান পাশে আর এক জন বাম পাশে বসতে পারি।” (মার্ক ১০/৩৫-৩৭, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14129

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন